



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রশাসন শাখা  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)



নং-৮০.০০.০০০০.০১।৩৮.০০৭.২০১-১৭২

২৪ চেত্র ১৪২৮  
তারিখঃ-----  
০৭ এপ্রিল ২০২২

### প্রজ্ঞাপন

যেহেতু, এ মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা খন্দকার হাসান কবীর অননুমোদিতভাবে গত ০১/০৮/২০২১ তারিখ হতে ০৮/১১/২০২১ তারিখ পর্যন্ত মোট ৯৬ দিন কর্মসূলে অনুপস্থিত ছিলেন; এবং

যেহেতু, ইতিপূর্বে তাঁর অনুকূলে গত ১৯-০৯-২০২১ তারিখের স্মারকে অসুস্থতাজনিত কারণে ০৪ (চার) মাসের অর্জিত ছুটি ভূতাপেক্ষভাবে মঞ্চুর করা হয় এবং তখনও তিনি অননুমোদিতভাবে কর্মসূলে অনুপস্থিত থাকতেন এবং পরবর্তী ছুটির দরখাস্ত করতেন। এটি তাঁর একটি অভ্যাসগত আচরণে পরিণত হয়েছে এবং এ ধরণের আচরণ অসদাচরণের পর্যায়ে পড়ে; এবং

যেহেতু, অননুমোদিত অনুপস্থিতির জন্য কোন আবেদনই তিনি যথার্থভাবে করেননি। যেমন: মেডিকেল বোর্ডের কোন সুপারিশ এবং ছুটি প্রাপ্ত্যার সনদ তিনি দাখিল করেননি। অর্থাৎ এ সকল কর্মকাণ্ড তাঁর চাকুরির প্রতি অনীহা ও খামখেয়ালীপূর্ণ মনোভাবের পরিচয় ধারণ করে; এবং এ আচরণও অসদাচরণের পর্যায়ভুক্ত; এবং


যেহেতু, বিভাগীয় মামলা নং-০৩/২০২১ এর আওতায় ব্যক্তিগত কর্মকর্তা খন্দকার হাসান কবীরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-২ (খ) ও ৩ (খ) অনুযায়ী অনীত অভিযোগ অর্থাৎ ‘অসদাচরণ’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত; তাই তিনি দোষী এবং শাস্তি পাওয়ার যোগ্য;

সেহেতু, খন্দকার হাসান কবীর, ব্যক্তিগত কর্মকর্তা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-২ (খ) ও ৩ (খ) মোতাবেক অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ (১) (ক) এ বর্ণিত বিধি অনুসরণক্রমে বিধি ৪ (২) (খ) অনুযায়ী আগামী ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করার ‘লঘুদণ্ড’ প্রদান করা হল; এবং

গত ০১/০৮/২০২১ তারিখ হতে ০৮/১১/২০২১ তারিখ পর্যন্ত মোট ৯৬ দিন তাঁর কর্মসূলে অনুপস্থিত অনুপস্থিতকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে ভূতাপেক্ষভাবে মঞ্চুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ এহচানে এলাহী

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

ফোন: ৯৫১৪৩৬৬

ই-মেইল: [secretary@mole.gov.bd](mailto:secretary@mole.gov.bd)

২৪ চেত্র ১৪২৮

নং-৪০.০০.০০০০.০১১.৩৮.০০৭.২০১১-১৭২ (০৯)

তারিখঃ-----

০৭ এপ্রিল ২০২২

বিতরণ: জাতীয়/কার্যালয়: (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, সরকারি মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩. সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. চিফ একাউন্টেন্স এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা (প্রজাপনের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৭. জনাব খন্দকার হাসান করীর, ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (স্থায়ী ঠিকানা: গ্রামঃ উত্তর মুজগন্তী, পোস্টঃ জিপিও ৯০০০, থানাঃ খালিশপুর, জেলাঃ খুলনা)
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. অফিস কপি

*নাহিমা আফরোজ ইমা*  
(নাহিমা আফরোজ ইমা)

সিনিয়র সহকারী সচিব

*০৭/০৮/২০২২*